[redacted]

[redacted]

[redacted]

থানায়। আমার স্বামী নুরুল ইসলাম ২৬/০৬/২০২১ তারিখে স্ট্রোকে মারা যান । পরিবারের আমি এখন মানবেতর জীবন যাপন করছি। বিজ্ঞ আদালতসহ স্থানীয় প্রশাসনের কাছে আমার নিরাপত্তাসহ জোরপুর্বক ভবন নির্মাণ কাজ বন্ধের দাবী জানান ভুক্তভোগী নাসিমা খাতুন।

কোটচাঁদপুরে সাপের কামড়ে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে সাপের কামড়ে নাঈম হোসেন নামে (১ম শ্রেণীতে পড়ুয়া) ৯ বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। মঙ্গলবার (৩ জুলাই) সকাল ৯ টার দিকে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মুত্যু হয়। নিহত নাঈম হোসেন উপজেলার দোড়া ইউনিয়নের মল্লিকপুর গ্রামের মসজিদ পাড়ার ফারুন হোসেন কালুর ছেলে।
স্থানীয়রা জানায়, সোমবার রাতে শিশু নাঈম বাড়িতে তার বাবা মায়ের সঙ্গে ঘুমিয়ে ছিল। রাতের কোন এক সময় নাঈমকে সাপে কামড় দেয়। রাত ২ টার দিকে শিশুটি মুখে ফেনা তুলতে থাকে। রাতেই পরিবারের সদস্যরা তাকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে আসে। অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠায়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার (৩ জুলাই) সকাল ৯ টার দিকে তার মুত্যু হয়। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

দর্শনায় প্রতারণার ফাঁদে পড়ে আ.লীগের সাধারণ সম্পাদক খোয়ালেন ৭ লাখ টাকা গ্রেফতার-১

ফেসবুকে পরিচয় তারপর বন্ধুত্ব। শুরু হয় কুশল বিনিময়। একপর্যায় প্রতারণার ফাঁদে পড়ে ৭ লাখ ৩০ হাজার টাকা খোয়ালেন দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান মঞ্জু। প্রতারক চক্রের বিরুদ্ধে মামলা করলে পুলিশ ওই চক্রের একজন সদস্যকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করেছে। গ্রেফতাকৃতকে জিজ্ঞাসাবাদের রিমাণ্ডে আনার প্রক্রিয়া শুরু করেছে মামলার তদন্তকারি অফিসার। মামলার এজাহার সূত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন দর্শনা ইসলাম বাজার পাড়ার শহীদ মহাসিন আলীর ছেলে সাবেক জেলা পরিষদের প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান মঞ্জুর সাথে ফেসবুকের ফেক আইডির মাধ্যমে বন্ধুত্ব গড়ে ওঠে গাজীপুর জেলার কালিগঞ্জ থানার মৈসাদান গ্রামের আবু সায়েদের ছেলে ছরফুদ্দিনের (৪৫) সাথে। চলতে থাকে মেসেস আদান প্রদান। একপর্যায় প্রতারক ছরফুদ্দিন নিজেকে সেনা কর্মকর্তা পরিচয় দেয় এবং সিরয়ির রাজধানী দামেস্কোতে কর্মরত আছে। বন্ধু হিসাবে কিছু উপহার সামগ্রী পাঠাতে চাই। যে কথা সেই বিমান বন্দর কাস্টমস থেকে একটি ফোন আসে মাহফুজুর রহমান মঞ্জুর কাছে। আপনার নামে সিরিয়া থেকে একটি পার্সেল এসেছে ছাড় করে নিয়ে যান। ছাড় করতে ৪৫ হাজার টাকা লাগবে। যতক্ষণে তিনি বুঝতে পারছেন প্রতারকচক্রের ফাঁদে পেড়েছেন, ততক্ষণে ৭ লাখ ৩০ হাজার টাকা বিভিন্ন ব্যাংকের মাধ্যমে খুয়ে ফেলেছেন। এ ঘটনায় মাহফুজুর রহমান মঞ্জু ৫/০৯/২০২০ তারিখে ছরফুদ্দিনের নাম উল্লেখ করে অজ্ঞাত ২/৩ জনকে আসামী করে দর্শনা থানায় একটি প্রতারণার মামলার এজাহার দায়ের করেন। মামলা দায়েরের ৯ মাস ২৪ দিনের মাথায় ঘটনার সাথে জড়িত সন্দেহে মামলার তদন্তকারি অফিসার দর্শনা থানার এসআই আব্দুর রহমান গত ২৯ জুন ঢাকা থেকে সইফুর রহমান মিঠু নামের একজনকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত মিঠুকে ৩১ জুন আদালতে সোপর্দ করে পুলিশ। মামলার তদন্তকারি কর্মকর্তা আব্দুর রহমান বলেন, মিঠুকে রিমাণ্ডে এনে জিজ্ঞাসাবাদ করলে প্রতারক চক্রের বাকি সদস্যদের আইনের আওতায় আনা যাবে। তবে

বিষয়টি নিয়ে জনমনে নানা প্রশ্ন ঘুরপাক খাচ্ছে।

মুজিবনগরে টাকাসহ ৩ জন জুয়াড়ী আটক

মুজিবনগরে টাকা দিয়ে তাসের জুয়া খেলা অবস্থায় ৩ জন জুয়াড়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।
সোমবার (২ আগষ্ট) রাত সাড়ে নয়টার দিকে অতিরিক্ত পুলিশ সুপার(সার্কেল)অপু সরোয়ার এর নেতৃত্বে রশিকপুর খা পাড়া পাড়া ইবাদুল শেখের বাড়িতে একটি টিনের চালার নিচে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন,মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের মৃত,কেয়ামতদ্দিন এর ছেলেমুজিদুল শেখ(৪০),মৃত,সার্থক গাইন এর ছেলেশাহিন গাইন(৪০) ও মৃত,তাহাজদ্দীন এর ছেলে
আকামুখ শেখ (৩৫)।

এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম,এসআই মোমিনুর রহমানসহ পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।জুয়ারী আটকের সময়নগত ৬হাজার ১শত ৬৬ টাকা,৩ টা মোবাইল ও ১ সেট তাসসেট জব্দ কর হয়।মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম আটকের বিষয় নিশ্চিত করেন। এবং তাদের নামে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর কারাগারে পাঠানো হবে বলেও জানান তিনি।

জিপ নিয়ে ঘুরে এলেন বরিশাল,

গরু নিলেন পিকআপে

মেহেরপুর পৌরসভায় সদ্য নিয়োগ পাওয়া প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেদী হাসানের বিরুদ্ধে সরকারি বিধি অমান্য করে যানবাহন নিজের প্রয়োজনে ব্যবহারের অভিযোগ উঠেছে।
অভিযোগ উঠেছে তিনি মেহেরপুর পৌরসভার জিপ নিজ জেলা বরিশালে নিয়ে গেছেন দুই বার। তিনি নিজেই চালক হিসেবে জিপটি ব্যবহার করেছেন। এছাড়া কোরবানীর গরু কিনে তিনি পৌরসভার পিকআপে করে নিয়ে গেছেন। খোঁজ নিয়ে জানা গেছে, গত ১৯ জুলাই তিনি নিজে জিপ চালিয়ে এবং পিকআপে করে কোরবানীর গরু নিয়ে গেছেন নিজ বাড়ি বরিশালে। পিকআপটি চালিয়েছেন পৌরসভার ড্রাইভার মিঠু। পরবর্তিতে ২৯ জুলাই তিনি আবারো পৌরসভার জিপ নিয়ে তিনি বরিশালে গেছিলেন। কিন্তু সরকারি বিধিতে বলা আছে পৌরসভার কোন যানবাহন পৌর এলাকার বাহিরে কেউ নিয়ে যেতে পারবেন এমনকি ভাড়াও দেওয়া যাবে না।
অভিযুক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেদী হাসান মেহেরপুর প্রতিদিনকে বলেন, জিপটি সার্ভিসিং করার পর লং রাইড প্রয়োজন ছিলো যে কারণে আমি বরিশালে নিয়ে গেছিলাম। এভাবে নিয়ে যেতে পারেন কিনা প্রশ্ন করলে তিনি উত্তর না দিয়ে চুপ থাকেন। এছাড়া পৌরসভার পিকআপ নিয়ে গরু নিয়ে গেছেন এমন প্রশ্নে তিনি বলেন, ভাড়া নিয়ে মেয়র সাহেবকে জানিয়ে পিকআপ নিয়ে গেছিলাম।
এ ব্যাপারে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান বলেন, লকডাউন বিবেচনায় তাকে পিকআপ তেল খরচ করে ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছিলো।

কুষ্টিয়ায় করোনায় আরও ৬ জনের মৃত্যু, নতুন শনাক্ত ২৪৩

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে ৬ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে ৫৩৮টি নমুনা পরীক্ষায় ২৩৩ জনের করোনা শনাক্ত হয়েছে। পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ৪১ দশমিক ৪৪ শতাংশ।

মঙ্গলবার করোনা ডেডিকেটেড কুষ্টিয়া জেনারেল হাসপাতালের উপ-পরিচালক ডা. আব্দুল মোমেন এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, ‘সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত এই মৃত্যু ও শনাক্ত হয়। একই সময়ে জেলায় সুস্থ হয়েছেন ৩১৪ জন।’

‘করোনায় মারা যাওয়া সবাই কুষ্টিয়া করোনা ডেডিকেটেড ২৫০-শয্যা জেনারেল হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসাধীন ছিলেন। উপসর্গ নিয়ে যারা মারা গেছেন তারা গতকাল দিনের বিভিন্ন সময়ে হাসপাতালে ভর্তি হন।’

‘বর্তমানে হাসপাতালে ২৫৭ জন রোগী ভর্তি আছেন’ উল্লেখ করে তিনি জানান, জেলায় হোম আইসোলেশনে আছেন দুই হাজার ৯৭৫ জন।

এর আগের ২৪ ঘণ্টায় জেলায় করোনায় আক্রান্ত হয়ে নয় জন মারা যান। তাদের মধ্যে সাত জনের করোনা পজিটিভ ও দুই জনের উপসর্গ ছিল। একই সময়ে এক হাজার ২২৫টি নমুনা পরীক্ষা করে ৪৮০ জনের করোনা শনাক্ত হয়। পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ছিল ৩৯ দশমিক ১৮ শতাংশ।

হাসপাতাল সূত্র জানিয়েছে, কুষ্টিয়ায় এ পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছেন ১৫ হাজার ১২৯ জন এবং মারা গেছেন ৫৭৬ জন।

আলমডাঙ্গায় ফ্রেন্ডস ক্লাবের উদ্যোগে অক্সিজেন সেবা ও মাস্ক বিতরণ

আলমডাঙ্গা ফ্রেন্ডস ক্লাবের আয়োজনে অক্সিজেন সেবা ও মাস্ক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। সোমবার সকাল ১১টার দিকে পৌর এলাকার হাইরোডস্থ আলতায়েবা মোড়ে অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আলমঙ্গীর কবির। প্রধান অতিথির বক্তব্যে থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির বলেন, আপনারা যে কোন ভাল কাজে

আমাকে সঙ্গে পাবেন। করোনা কালে আপনারা মানুষের পাশে দাড়িয়েছেন। মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন। আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, ফ্রেন্ডস ক্লাব সাধারণ সম্পাদক শেখ শরিফুল ইসলাম, হারদী এমএস জোহা ডিগ্রী কলেজের প্রভাসক মিজানুর রহমান মিজা, সাবেক কাউন্সিলর কাজী আলী আজগর সাচ্চু, এছাড়া অনুষ্ঠানকে সফলভাবে পরিচালনার জন্য যারা যারা উপস্থিত ছিলেন বিপু, কাশেম, হাবীব, শিবলী, সেলিম, জুয়েল, শামীম, রেজাউল, হামিদ, সানি, সিয়াম, রিসাদ, বাপ্পী,সাগর,রাজু,তাজিম,ইমন,রোহান, সজল, রুমিসহ আরো অনেকে। অনুষ্টানে করোনায় স্বাস্থ্যবিধি মানতে সচেতনার লক্ষে আলমডাঙ্গা ফ্রেন্ডস ক্লাবের উদ্যোগে মাক্স বিতরন করা হয়।

অনুষ্ঠান পরিচালনা করেন মীর আসাদুজ্জামান উজ্জ্বল। ফ্রেন্ডস অক্সিজেন সেবার পরিচালনায় আছেন মিজানুর রহমান মিজা,মোবাইল নম্বার-০১৭২০৩০২৩৪৮, মীর উজ্জ্বল-০১৭১২৭৭৪৩৪২। প্রকৌশলী কাউছার আলী সার্বিক সহযোগীতা প্রদান করেন।

আলমডাঙ্গা পৌর সভার উদ্যোগে ডেঙ্গু মশক নিধন কর্মসুচির উদ্বোধন

আলমডাঙ্গা পৌর সভার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কর্মসুচির শুভ উদ্বোধন করেন পৌর মেয়র আলহাজ্ব হাসান কাদির গনু। সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা পৌর সভার ১নং ওয়ার্ডের স্টেশন পাড়া,কোর্টপাড়া,উপজেলা পরিষদ এলকায় ফগার মেশিন দিয়ে মশক নিধন শুরু হয়। সেই সাথে পরিস্কার পরিছন্ন,ও দৈনন্দিন ঔষধ ছিটানো হবে।

এসময় প্রধান অতিথি পৌর মেয়র হাসান কাদির গনু বলেন, দেশে করোনার

প্রকোপ বৃদ্ধি পেয়েছে,সেই সাথে ডেঙ্গুর প্রকোপ দেখা যাচ্ছে।তাই পৌর বাসির কাছে আবেদন আপনার বাড়ীর পাশে ঝোপঝাড়,ডাবের খোলার পানি,বা জমে থাকা পানিকে ডেঙ্গু ছড়াতে পারে আপনারা সে বিষয়ে সতর্ক থাকবেন।পৌর সভার স্বাস্থ ও পরিছন্ন বিভাগের কর্মিরা আপনাদের এলাকায় ২ আগষ্ট থেকে ৯ আগষ্ট পর্যন্ত এই কার্যক্রম অব্যাহত রাখবে।

এসময় উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড কাউন্সিলর আলাল উদ্দিন,কাউন্সিলর খন্দকার মজিবুল হক,সদর উদ্দিন ভোলা,আব্দুল গাফ্ফার,বাপ্পি,পৌর সভার বড়বাবু খন্দকার খাইরুল ইসলাম নাছিম,কঞ্জারভেন্স ইন্সপেক্টর খন্দকার আসাদুল ইসলাম,মোস্তাক আহম্মদ, কসাইখানা পরিদর্শক সিরাজুল ইসলাম, মামুন আক্তার,ষ্টোর কিপার হামিদুল ইসলাহম নিলা,নলকুপ মিস্তি ওহিদুল ইসলাম,রোর্ড রোলার চালক জেহের আলী,টিকাদান কারি এনামুল হক,প্রমুখ।

চুয়াডাঙ্গায় বৃদ্ধাকে হুইল চেয়ার প্রদান করলেন পুলিশ সুপার

তারাদেবী ফাউন্ডেশনের সহযোগীতায় শারীরিক প্রতিবন্ধী আতিয়ার রহমান কে হুইল চেয়ার প্রদান করছেন পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। বাংলাদেশ পুলিশ পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি বিভিন্ন প্রকার উন্নয়ন, সামাজিক, মানবিক ও উৎসাহমূলক কার্যক্রমে ভূমিকা রেখে চলেছেন তিনি। তারই অংশ হিসেবে পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম সামাজিক দায়বদ্ধতা থেকে একের পর এক গণমুখী কার্যক্রম গ্রহণ করছেন।

আতিয়ার রহমান চুয়াডাঙ্গা পুলিশ সুপারের নিকট একটি হুইল চেয়ার প্রাপ্তির জন্য আকুল আবেদন করেন। পুলিশ সুপার বিষয়টি আত্নস্থ করে শারীরিক প্রতিবন্ধী আতিয়ার রহমান’কে হুইল চেয়ার প্রদানের আশ্বাস দেন। সোমবার বেলা এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলার কৃতি সন্তান বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রিয় শিল্প ও বানিজ্য বিষয়ক উপ-

কমিটির সদস্য ও ডায়মন্ড ওয়ার্ল্ড এর ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা তাঁর মায়ের নামে প্রতিষ্ঠিত “তারাদেবী ফাউন্ডেশন” এর সহযোগীতায় শারীরিক প্রতিবন্ধী আতিয়ার রহমান (৫৮) কে পুলিশ সুপার একটি হুইল চেয়ার প্রদান করেন।

এসময় আতিয়ারের মুখে কৃতজ্ঞতার এক অকৃত্রিম হাসি ফুঁটে উঠে। ইতোপূর্বে দর্শনা থানার গড়াইটুপি গ্রামের আনারুল,আলমডাঙ্গার গোপীনগর গ্রামের সুবিধা বঞ্চিত খায়রুন নেছা, দামুড়হুদার রামনগর গ্রামের জন্মগত শারীরিক প্রতিবন্ধী মোছাঃ রাফিয়া খাতুন কে পুলিশ সুপারের উদ্যোগে হুইল চেয়ার প্রদান করা হয়।

পুলিশ সুপার বলেন, সমাজের সর্বস্তরের সামর্থবান মানুষ যদি অসহায় সুবিধা বঞ্চিতদের দিকে একটু সুদৃষ্টি দেয়, তাহলে আমাদের সমাজে সুবিধা বঞ্চিতদের মুখেও হাসি ফোঁটানো সম্ভব। এসময়ে তিনি আইন-শৃঙ্খলা রক্ষাসহ সকল বিষয়ে চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন।

জীবননগরে বজ্রপাতে এক কৃষকের মৃত্যু আহত-১

জীবননগরে ধানের জমিতে কাজ করা অবস্থায় বজ্রপাতে এক কৃষকের মৃত্যু হয়েছে। সোমবার বেলা ২টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হরিপুর গ্রামের বেলে মাঠে এ ঘটনা ঘটে। নিহত কৃষক আবু সুলতান (৪৮) হরিপুর গ্রামের মৃত কলিমউদ্দিনের ছেলে।

৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আব্দুল কাদের বলেন, কৃষক আবু সুলতান দুপুরে গ্রামের বেলে মাঠ নামক স্থানে আমন ধান রোপন করছিল। বেলা ২টার দিকে হালকা বৃষ্ঠির সাথে বজ্রপাত শুরু হয়। বজ্রপাতে সুলতান মাঠে গুরুত্বর আহত হয়ে পড়ে।এ সময় একই মাঠে কাজ করা কৃষকরা আহত সুলতানকে উদ্ধার করে দুরত্ব চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের নেওয়ার পথিমধ্যেই তার মৃত্যু হয়।